

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার লেটার নং-৪৫

তারিখঃ ১৯ অগ্রহায়ণ ১৪২৯
০৪ ডিসেম্বর ২০২২

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

বিষয় : জাতিসংঘ শান্তিরক্ষা মিশন হতে সশস্ত্র বাহিনীর সদস্যদের অর্জিত রেমিট্যান্স এর বিপরীতে নগদ সহায়তা প্রদান।

প্রিয় মহোদয়গণ,

বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে ১১ মার্চ, ২০২০ তারিখে জারিকৃত এফই সার্কুলার পত্র নং-০৮ এবং ১০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে জারিকৃত এফই সার্কুলার পত্র নং-৩১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।


০২। উক্ত সার্কুলার পত্রদ্বয়ের নির্দেশনা অনুযায়ী বিশ্বের বিভিন্ন দেশে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে কর্মরত সেনা/নৌ/বিমান/পুলিশ বাহিনীর সদস্যদের বিদেশে অবস্থানকালীন সময়ে অর্জিত অর্থ বৈধ উপায়ে দেশে প্রেরণ করলে উক্ত অর্থের বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত কার্যপদ্ধতি অনুসরণের নির্দেশনা প্রদান করা হলো :

- ক) জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে কর্মরত সেনা/নৌ/বিমান/পুলিশ বাহিনীর সদস্যদের প্রাপ্ত অর্থের বিপরীতে প্রণোদনার অর্থ ছাড়করণের জন্য সংশ্লিষ্ট সংস্থা তাদের সদস্যদের প্রত্যেকের প্রাপ্যতার তালিকাসহ তাদের ব্যাংক বরাবর আবেদন করবে;
- খ) সংশ্লিষ্ট ব্যাংক সেনা/নৌ/বিমান/পুলিশ বাহিনীর আবেদনকৃত অর্থ ছাড়করণের জন্য সশস্ত্র বাহিনীর 'ক' ক্রমিকে বর্ণিত তালিকাসহ বাংলাদেশ ব্যাংকের একাউন্টস্ এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট (এবিডি) বরাবর আবেদন করবে;
- গ) সরকার হতে তহবিল পাওয়া সাপেক্ষে এবিডি সংশ্লিষ্ট ব্যাংক বরাবর অর্থ ছাড় করবে এবং
- ঘ) সংশ্লিষ্ট ব্যাংক সশস্ত্র বাহিনী প্রদত্ত তালিকা মোতাবেক সশস্ত্র বাহিনীর সদস্যদের স্ব স্ব ব্যাংক হিসাবে প্রণোদনা/নগদ সহায়তা জমা করবে।

০৩। নগদ সহায়তা/প্রণোদনা প্রদানের ক্ষেত্রে ১ লা জুলাই, ২০১৯ হতে ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখ পর্যন্ত প্রাপ্ত রেমিট্যান্সের উপর ২% নগদ সহায়তা/প্রণোদনা প্রযোজ্য হবে এবং ১ লা জানুয়ারী, ২০২২ হতে প্রাপ্ত রেমিট্যান্সের উপর ২.৫% নগদ সহায়তা/প্রণোদনা প্রযোজ্য হবে।

০৪। এতদ্বিষয়ে ইতঃপূর্বে জারিকৃত অন্যান্য নির্দেশনাসমূহ যথারীতি বলবৎ থাকবে।

আপনাদের বিশ্বস্ত,



মোঃ সরোয়ার হোসেন
পরিচালক (এফইপিডি)
ফোন : ৯৫৩০১২৩